

আজকাল আমাদের পৃথিবীতে একটা ট্রেন্ড এসেছে। আমাদের জনজীবন খুব নাকি জটিল হয়ে যাচ্ছে।
মুশ্কিল হল, করছি আমরাই, মানছি না কেউ। তাই আমার বন্ধু মানিকের কান্ডটা লিখে পাঠালাম।

নিরুপমা

ভেবে ভেবে দিশেহারা মানিকের কাকা
খুব নাকি বিচ্ছিরি এই বেঁচে থাকা
সব্বাই দুষ্ট হ্যা সব্বাই বাজে
এসে এসে কাঠি দেয় ভালো ভালো কাজে

একদিন মানিকের বিগড়োল মাথা
নিয়ে এসে বড় এক অঙ্কের খাতা
বলল সে কাকাকে
এই বেঁচে থাকাকে
বাজে কেন বলছ তা লেখা এই খাতাতে
ভরে দাও বিক্ষোভ ফুলস্কেপ পাতাতে

তারপরে চলল বিশাল সে সৃষ্টি
কার ওপরে যে কার নিন্দার দৃষ্টি
কাকে বলে আলোচনা কাকে বলে শর্ত
কিভাবে যে বেড়ে চলে চিন্তার আবর্ত

বহুদিন ধরে নাকি দেখা নেই সে লোকের
ছড়া পড়ে খুব নাকি অজানা কে লেখকের